বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

সার্কুলার লেটার নং ডিএমডি-০৬/২০১০

তারিখ : ১৪/১০/২০১০

প্রধান নির্বাহী
সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**পুনঃক্রয় চুক্তির (REPO) জন্য ট্রেজারি বিলের ব্যবহার এবং ট্রেজারি বিলের জন্য স্ক্রীপের পরিবর্তে এসজিএল হিসাব আকলন ও প্রয়োজনাতিরিক্ত তারল্য বাংলাদেশ ব্যাংকের সংগে স্বল্পমেয়াদী বিনিয়োগঃ বিপরীত পুনঃক্রয় (reverse repo) ব্যবস্থা প্রসংগে ।**

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ১৭/০৮/২০১০ তারিখের সার্কুলার লেটার নং ডিএমডি-০৫/২০১০ এবং ২৬/০৪/২০০৩ তারিখের পরিপত্র নং এফআরটিএমডি(পিডিএস)-১২৭/২০০৩-৩৫৮ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

বাংলাদেশ ব্যাংকের সাথে তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের রেপো এবং রিভার্স রেপো লেনদেনের মেয়াদ ১ এবং ৭ দিনের পরিবর্তে ১ দিন (ওভারনাইট) পুনঃনির্ধারণ করার প্রেক্ষিতে উল্লিখিত সার্কুলার লেটার ও পরিপত্রের কতিপয় নির্দেশনা সংশোধন করা হলো ।

ক) সার্কুলার লেটার নং ডিএমডি-০৫/২০১০ এর (৩) নং অনুচ্ছেদের 3 নং ক্রমিকে প্রদত্ত নির্দেশনা নিম্নরূপ ভাবে প্রতিস্থাপিত হবে ঃ

3. Repo transactions will be conducted through auctions held on all working days for overnight. However for intervening holidays the tenure of Repo will be automatically extended by the number of holidays as the case may be. For example, for overnight repos issued on Thursday, the tenure will be (Thursday+Friday+Saturday)=3 days.

(i) সার্কুলার লেটারের সাথে সংযোজিত দরপত্র ফরমের ৩ নং ক্রমিকে বর্ণিত পুনঃচুক্তির মেয়াদ "১ দিন/৭ দিন/...... দিন (সুনির্দিষ্ট দিনে চিহ্ন দিন অথবা উল্লেখ করুন)" এর স্থলে "১ দিন/......দিন (কেবলমাত্র ছুটির দিনসহ)" প্রতিস্থাপিত হবে ।

(খ) ২৬/০৪/২০০৩ তারিখের পরিপত্র নং-এফআরটিএমডি(পিডিএস)-১২৭/২০০৩-৩৫৮ এর ২ নং ক্রমিকে প্রদত্ত নির্দেশনা নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে ঃ

বিপরীত পুনঃক্রয় ব্যবস্থায় বাংলাদেশ ব্যাংকের সাথে তারল্য বিনিয়োগ ০১ দিন (ওভারনাইট) মেয়াদী হবে, তবে সাপ্তাহিক ছুটি/সরকারী ছুটির দিনে মেয়াদপূর্তির বেলায় এই মেয়াদ পরবর্তী কার্যদিবস পর্যন্ত বর্ধিত হবে । বিপরীত পুনঃক্রয় চুক্তির বিড স্ব স্ব প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের স্বাক্ষরে বাংলাদেশ ব্যাংক, মতিঝিল অফিসের সিকিউরিটিজ শাখায় বেলা ১২.০০ টার মধ্যে সীল্ড কভারে জমা দিতে হবে । নিলামের ফলাফল একই কার্যালয় থেকে বেলা ১.০০ টার মধ্যে ঘোষিত হবে । সফল বিডের বিপরীতে তারল্য সংশ্লিষ্ট বিড দাতা প্রতিষ্ঠানের বাংলাদেশ ব্যাংকের সাথে পরিচালিত টাকা হিসাব বিকলন করে গৃহীত হবে, মেয়াদপূর্তিতে সুদ সমেত পরিশোধ ঐ একই হিসাবে আকলন দ্বারা সম্পাদিত হবে ।

(i) একই পরিপত্রের সংযোজনী-১ এ প্রদত্ত Operating Procedure and Guidelines for Reverse Repo operations এর 2 ও 3 নং অনুচ্ছেদ নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে ঃ

2. Reverse repo bids of overnight may be submitted in sealed cover by participating institutions in prescribed tender forms (specimen at annexure-1) by 12 a.m. to the Securities Section, Bangladesh Bank, Motijheel Office, every working day. Separate tender forms need to be submitted for each bid in case of multiple bids by a single bidder.
3. Where the maturity date of a reverse repo transaction falls on a holiday, the tenor will be extended up to the following working day, as in case of repos.

(ii) সংযোজনী-১ এর 5 নং অনুচ্ছেদে উল্লিখিত রিভার্স রেপো ফলাফল ঘোষণার সময়সূচি সকাল ১১.০০ টার পরিবর্তে বেলা ১.০০ টায় পুনঃ নির্ধারণ করা হলো । তবে ব্যাংকের অনুমোদিত কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত এ্যাকসেপটেন্স কাম ডিল কনফারমেশন এ্যাডভাইস ফর রিভার্স রেপো ট্রানজেকশন বেলা ২.০০ টায় বাংলাদেশ ব্যাংকে দাখিলের পূর্ববর্তী নির্দেশনা অপরিবর্তিত থাকবে ।

(iii) পরিপত্রের এনেক্সার-১ এ প্রদত্ত রিভার্স রেপো বিড টেন্ডার ফরমের 1.d) ক্রমিকে বর্ণিত রিভার্স রেপোর মেয়াদ "1 day/7 day" এর স্থলে "1 day/......days including..... holiday(s)" প্রতিস্থাপিত হবে ।

সার্কুলার লেটার নং ডিএমডি-০৫/২০১০, তারিখ ১৭/০৮/২০১০ এবং পরিপত্র নং এফআরটিএমডি (পিডিএস)-১২৭/২০০৩-৩৫৮, তারিখ ২৬/০৪/২০০৩ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে ।

সংশোধিত বিধিবিধান আগামী ১, নভেম্বর ২০১০ তারিখ থেকে কার্যকর হবে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজন ঃ বর্ণনা মোতাবেক ।

(বিষ্ণু পদ সাহা)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৭১২০৯৩৭

Annex-1

## দরপত্র ফরম

মহাব্যবস্থাপক
মতিঝিল অফিস
বাংলাদেশ ব্যাংক
মতিঝিল, ঢাকা ।

প্রিয় মহোদয়,

-----------তারিখে বাংলাদেশ ব্যাংকে অনুষ্ঠিতব্য পুনঃক্রয় নিলামের দরপত্র দাখিল প্রসঙ্গে ।

আমরা নিম্নবর্ণিত শর্ত অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর -----------কোটি টাকার সিকিউরিটিজ নির্দিষ্ট মেয়াদান্তে পুনঃক্রয় এর প্রতিশ্রুতিসহ বিক্রয়ের জন্য আপনাদের বরাবর এই দরপত্র দাখিল করছি ।

| | |
|---|---|
| (১) দরপত্র দাতার নাম | |
| (২) ঠিকানা ও টেলিফোন নম্বর | |
| (৩) পুনঃক্রয় চুক্তির মেয়াদ | ১ দিন/......দিন (কেবলমাত্র ছুটির দিনসহ) |
| (৪) বিক্রয়ের তারিখ (রেপো) | |
| (৫) বাংলাদেশ ব্যাংক হতে পুনঃক্রয়ের তারিখ | |
| (৬) রেপো এর জন্য আবেদনকৃত অংক (৫০ লক্ষ ও তার গুণিতক) | |
| (৭) পুনঃক্রয় কার্যক্রমের জন্য প্রদেয় সিকিউরিটিজ এর বিবরণ ঃ-<br>(ক) অভিহিত মূল্য,<br>(খ) ইস্যু নম্বর,<br>(গ) ISIN;<br>(ঘ) ইস্যু তারিখ,<br>(ঙ) Yield | |
| (৮) আবেদনকৃত সিকিউরিটিজ এর মূল্য-<br>(ক) কুপনবাহী ট্রেজারি বন্ডের বাজার মূল্য<br>(Clean price+Accrued coupon interest)<br>(খ) ট্রেজারি বিলের বাজার মূল্য | |
| (৯) প্রস্তাবিত রেপো হার [বার্ষিক, দুই দশমিক স্থান পর্যন্ত] | |
| (১০) প্রস্তাবিত হারে প্রদেয় রেপো সুদের পরিমাণ<br>[(১০)={(৮)×(৯)×(৩)}/(৩৬৪×১০০)] | |
| (১১) প্রস্তাবিত রেপো সুদসহ সিকিউরিটিজ এর পুনঃক্রয় মূল্য<br>[(১১)=(৮)+(১০)] | |

অঙ্গীকারনামা ঃ

আমরা অঙ্গীকার করছি যে, অত্র দরপত্র গৃহীত হলে ফলাফল ঘোষণার পর সত্বর আপনাদের অফিস কর্তৃক প্রদত্ত ডিল কাম কনফারমেশন এডভাইস সংগ্রহ করে সম্মতি জ্ঞাপনপূর্বক নির্ধারিত সময়ে আপনার দপ্তরে দাখিল করব । আমরা নিলামের এবং পুনঃক্রয়/বিক্রয় চুক্তি সংক্রান্ত সকল শর্তাদি অবগত হয়ে তা পরিপালনে অঙ্গীকার করছি ।

আমরা অদ্য আরো ---------টি দরপত্র দাখিল করেছি/আর কোন দরপত্র দাখিল করিনি ।

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, স্বাক্ষর ও ষ্ট্যাম্প

তারিখ ঃ

Reverse repo bid tender form

General Manager
Motijheel Office
Bangladesh Bank
Motijheel
Dhaka.

Dear Sir,

<u>Submission of reverse repo bid</u>

1. We submit hereby our reverse repo bid as per following details:

   a) Name of the participating institution:

   b) Address and contact telephone no. :

   c) Amount of the reverse repo bid: Taka......................(in multiples of 50 lacs).

   d) Tenor : 1 day/........days including........ holiday(s).

   e) Reverse repo interest rate : .....................percent pa.

2. We hereby undertake to collect and return duly signed acceptance-cum-deal confirmation advice for successful bids upon announcement of auction results, authorising you to debit our Taka account with you for the accepted amount. We certify that we have sufficient unencumbered balance in excess of CRR in our Taka account with you to cover the entire amount of our reverse repo bid.

3. We have submitted no other bid/..........other bid(s) for the auction to be held today.

Yours faithfully,

Date........................

Authorised signature....................

Name......................................

Designation...............................

Official seal...............................